গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
অষ্টগ্রাম,কিশোরগঞ্জ ।

## আন্তঃ ইউনিয়ন ফেরীঘাটের সীলমোহরকৃত দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা কিশোরগঞ্জ জেলাধীন অষ্টগ্রাম উপজেলার আন্তঃ ইউনিয়ন ফেরীঘাটসমূহ স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের স্থানীয় সরকার বিভাগ কর্তৃক গত ১৯ এপ্রিল,২০০৩ তারিখে জারীকৃত প্রজেই-২/ফ-১/২০০৩/২৬২ (৫২৭২)নং স্মারকের ২(২) ও ২(গ)তে বর্ণিত নির্দেশনা মোতাবেক ১৪৩১ বাংলা সনের জন্য ইজারা প্রদানের নিমিত্ত ১ম বারের জন্য আগ্রহী জন্মগত পেশাদার পাটনীগণের নিকট এবং পরবর্তীবারে সকল আগ্রহী ব্যক্তির নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে । দরপত্র দাখিলের পূর্বদিন পর্যন্ত নির্ধারিত মূল্যে দরপত্র সিডিউল(অফেরতযোগ্য) নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়, জেলা প্রশাসক, কিশোরগঞ্জ কার্যালয়ের(এলজি)শাখা এবং সহকারী কমিশনার(ভূমি),অষ্টগ্রাম কার্যালয় হতে ক্রয় করা যাবে । দরপত্রসমূহ নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দুপুর ১-০০টা পর্যন্ত নিম্নবর্ণিত তারিখ ও সময়ে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় এবং জেলা প্রশাসক, কিশোরগঞ্জ কার্যালয়ের এলজি শাখায় রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে এবং দরপত্র দাখিলের তারিখে বেলা ৩.০০ টায় দরপত্র খোলা হবে।

১৪৩১ বাংলা সনের জন্য ইজারাযোগ্য আন্তঃ ইউনিয়ন ফেরী গয়না/খুটগাড়ীঘাটের তালিকাঃ
উপজেলা: অষ্টগ্রাম জেলা: কিশোরগঞ্জ ।

| ক্র:নং | ফেরী/খুটগাড়ী ঘাটের নাম | সম্ভাব্য ইজারামূল্য | সিডিউলের মূল্য |
|---|---|---|---|
| ০১ | অষ্টগ্রাম-নাছিরনগর নৌকা/ট্রলারঘাট(অষ্টগ্রামের ভৌগলিক সীমানা পর্যন্ত) | ২,৮৪,৩৫০/- | ১,২০০/- |
| ০২ | অষ্টগ্রাম-ফান্দাউক (অষ্টগ্রামের ভৌগলিক সীমানা পর্যন্ত ) | ১,৯৯,১০০/- | ১,০০০/- |
| ০৩ | অষ্টগ্রাম-বাঙালপাড়া হয়ে চাতলপাড় (অষ্টগ্রামের ভৌগলিক সীমানা পর্যন্ত) | ৮,৮০০/- | ৫০০/- |
| ০৪ | পূর্বঅষ্টগ্রাম -বুল্লাবাজার(অষ্টগ্রামের ভৌগলিক সীমানা পর্যন্ত) | ৫,৩৭,২০৪/- | ১,৮০০/- |
| ০৫ | ইকুরদিয়া-শরীফপুরফেরীঘাট | ১,০৫,০০০/- | ১,০০০/- |
| ০৬ | অষ্টগ্রাম-আদমপুর গয়না/নৌকা/ ট্রলারঘাট | ১,৩২,০০০/- | ১,০০০/- |
| ০৭ | অষ্টগ্রাম-আব্দুল্লাপুর ফেরীঘাট | ৩৪,১০০/- | ৫০০/- |
| ০৮ | অষ্টগ্রাম খুটগাড়ী ঘাট | ৫১,৩৩৪/- | ৫০০/- |
| ০৯ | সাভিয়ানগর ২নং ফেরীঘাট | ৭২,৪৭৬/- | ১,০০০/- |
| ১০ | দেওঘর ইউনিয়নের অধীন গোবিন্দাঘোনা ফেরীঘাট | ৯,৬৯,১০০/- | ২,৬০০/- |
| ১১ | চৌদন্ত গাজীহাটি ফেরীঘাট | ১১,৩৩,০০০/- | ৩,০০০/- |

### শর্তাবলী ঃ

০১। সীলমোহরকৃত খামের উপর ঘাটের নাম উল্লেখ করতে হবে ।

০২। জন্মগত পেশাদার পাটনীর পরিচিতির ক্ষেত্রে স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের সাম্প্রতিককালের প্রত্যয়নপত্র দরপত্রে সাথে সংযুক্ত করতে হবে ।

০৩। দরদাতাকে দরপত্রের সাথে উদ্ধৃতদরের ২৫% অর্থ এ জেলার যে কোন তফসীলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফটের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার,অষ্টগ্রাম,কিশোরগঞ্জ এর অনুকূলে জামানত স্বরুপ সংযুক্ত করতে হবে । অন্যথায় দরপত্র বাতিল বলে গন্য হবে

০৪। দরপত্র গৃহিত হওয়ার ০৭(সাত) দিনের মধ্যে ঘাটের সমুদয় ইজারা মূল্য পরিশোধ করতে হবে । অন্যথায় জামানত বাবদ জমাকৃত অর্থ বাজেয়াপ্তসহ বিধি মোতাবেক পরবর্তী দরপত্র আহবানের ব্যবস্থা গ্রহণ করা হবে ।

০৫। দখল গ্রহণের পূর্বেই ইজারাদার কর্তৃক উদ্ধৃত মূল্যের ১৫% হারে ভ্যাট ১/১১৩৩/০০১৫/০৩১১ এবং ১০% হারে আয়কর ১/১১৪১/০১২৫/০১১১ কোডে ট্রেজারী চালানের মাধ্যমে সরকারী কোষাগারে জমা প্রদান করে ট্রেজারী চালানের মূলকপি জমা দিতে হবে।

০৬। গৃহীত দরপত্রের সাকুল্য টাকা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করার পর ২৫০/-টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে নির্ধারিত চুক্তিনামা সম্পাদন করতে হবে । অত:পর ঘাটের দখল সরকারীভাবে বুঝিয়ে দেয়া হবে ।

০৭। যখনই ইজারা হউকনা কেন ঘাটের ইজারা মেয়াদ বাংলা ১৪৩১ সনের(বৈশাখ-চৈত্র)৩০ চৈত্র পর্যন্ত কার্যকর থাকবে । ঘাটের দখল নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে ইজারাদার কর্তৃক নিজ দয়িত্বে বুঝে নিতে হবে । ঘাটের দখলনামা ব্যাতীত ঘাট পরিচালনা করা যাবে না।

০৮। টোলচার্ট মোতাবেক নির্ধারিত হারে টোল আদায় করতে হবে এবং অনুমোদিত টোলচার্ট সর্বসাধারনের অবগতির জন্য ইজারাদার কর্তৃক ঘাটের প্রকাশ্যস্থানে টানিয়ে রাখতে হবে ।

০৯। ইজারা গ্রহিতা কোনক্রমেই ইজারা প্রাপ্ত ঘাট সাব-লীজ দিতে পারবেন না । যদি সাবলীজ প্রদান করা হয় বা চুক্তিপত্রের কোন শর্ত লংঘন করা হয় তাহলে তার ইজারা বাতিলপূর্বক বিধি মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহন করা হবে ।

১০। ফেরীঘাট সমূহ ইজারা ও ব্যবস্থাপনার বিষয়ে সরকারী আদেশ-নির্দেশ ইজরাদার মেনে চলতে বাধ্য থাকবেন । উল্লেখিত ইজারার মেয়াদ ১৪৩১ বংলা সনের(বৈশাখ-চৈত্র)৩০ চৈত্র পর্যন্ত বলবৎ থাকবে ।

১১। ফেরীঘাটের যাত্রীদের চলাচলেন জন্য উপযুক্ত নৌ-যান সরবরাহ ও উঠানামার জন্য ইজারাদার নিজ খরচে প্রয়োজনীয় ঘাটলা নির্মান ও রক্ষনাবেক্ষণ করবেন।

১২। ইজারাচুক্তি ইজারাদার কর্তৃক সম্পাদিত হবে এবং ইজারাদার কর্তৃক ইজারা মেয়াদে কোন অনিয়ম পরিলক্ষিত হলে ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ ইজারা বাতিল করে পুনঃ দরপত্র আহবান করার ক্ষমতা সংরক্ষণ করেন ।

১৩। উপরোল্লিখিত,যে কোন শর্ত ভঙ্গ করলে ইজারার মেয়াদ শেষ হওয়ার পূর্বেই ইজারা বাতিল এবং জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে । দরপত্র কমিটি বিধি মোতাবেক যে কোন দরপত্র বাতিল বা গ্রহন করার ক্ষমতা সংরক্ষন করেন ।

১৪। দরপত্র বিজ্ঞপ্তিতে যে সকল শর্ত বর্ণিত হয়নি কিন্তু সরকারীভাবে অন্য কোন আইন,বিধি,অধ্যাদেশ,পরিপত্র ইত্যাদিতে উল্লেখ আছে সেই সকল আইন,বিধি,আদেশ,বিধান ও শর্তাবলীও ইজরাদারগণ মেনেচলতে বাধ্য থাকবেন ।

**আন্তঃ ইউনিয়ন ফেরী, গয়না, নৌকা/খুটগাড়ীঘাটসমূহের সিডিউল বিক্রয় ও দরপত্র দাখিলের সময়সূচী**

| ক্রমিক নং | সিডিউল বিক্রয়ের শেষ তারিখ | দরপত্র দাখিলের তারিখ | দরপত্র খোলার তারিখ | টেন্ডারে অংশগ্রহনকারীর যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ম বার | ২৮/০২/২০২৪ খ্রিঃ | ২৯/০২/২০২৪ খ্রিঃ | ২৯/০২/২০২৪ খ্রিঃ | শুধুমাত্র পেশাদার পাটনীদের জন্য |
| ২য়বার | ১২/০৩/২০২৪ খ্রিঃ | ১৩/০৩/২০২৪ খ্রিঃ | ১৩/০৩/২০২৪ খ্রিঃ | সকলের জন্য উন্মুক্ত |
| ৩য় বার | ২০/০৩/২০২৪ খ্রিঃ | ২১/০৩/২০২৪ খ্রিঃ | ২১/০৩/২০২৪ খ্রিঃ | ঐ |
| ৪র্থ বার | ০২/০৪/২০২৪ খ্রিঃ | ০৩/০৪/২০২৪ খ্রিঃ | ০৩/০৪/২০২৪ খ্রিঃ | ঐ |
| ৫ম বার | ১৭/০৪/২০২৪ খ্রিঃ | ১৮/০৪/২০২৪ খ্রিঃ | ১৮/০৪/২০২৪ খ্রিঃ | ঐ |
| ৬ষ্ঠ বার | ২৩/০৪/২০২৪ খ্রিঃ | ২৪/০৪/২০২৪ খ্রিঃ | ২৪/০৪/২০২৪ খ্রিঃ | ঐ |
| ৭ম বার | ২৯/০৪/২০২৪ খ্রিঃ | ৩০/০৪/২০২৪ খ্রিঃ | ৩০/০৪/২০২৪ খ্রিঃ | ঐ |

৩১/১/২৪

মোছাঃ দিলশাদ জাহান
উপজেলা নির্বাহী অফিসার
অষ্টগ্রাম,কিশোরগঞ্জ ।

স্মারক নম্বর ০৫.৪১.৪৮০২.০০০.০১.১১২.১৭- ৬৫/১(২০০) তারিখ : ৩১ জানুয়ারি ২০২৪ খ্রি.।

অনুলিপি:

০১। কমিশনার,ঢাকা বিভাগ,ঢাকা ।
০২। জেলা প্রশাসক,কিশোরগঞ্জ ।
০৩। পরিচালক,বাংলাদেশ অভ্যান্তরীন নৌ-পরিবহন অধিদপ্তর,ঢাকা। তাঁকে সরকারী রাজস্ব আয়ের স্বার্থে বর্নিত ফেরী/গয়না/নৌকা/লঞ্চঘাটসমূহের বিপরীতে রুটপারমিট না দেয়ার জন্য অনুরোধ করা হলো ।
০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা জেলা পরিষদ,কিশোরগঞ্জ ।
০৫। চেয়ারম্যান,উপজেলা পরিষদ,অষ্টগ্রাম ।
০৬। উপ-পরিচালক,স্থানীয় সরকার,জেলা প্রশাসকের কার্যালয়,কিশোরগঞ্জ
০৭। সহকারী কমিশনার(ভূমি),অষ্টগ্রাম,কিশোরগঞ্জ । তাঁকে বিজ্ঞপ্তি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৮। উপজেলা ..........................................................................অষ্টগ্রাম,কিশোরগঞ্জ ।
০৯। চেয়ারম্যান.....................................................ইউ,পি(সকল)অষ্টগ্রাম,কিশোরগঞ্জ । তাঁকে বিজ্ঞপ্তি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো ।
১০। ম্যানেজার,সোনালী / কৃষি / জনতা ব্যাংক ,অষ্টগ্রাম সদর/ আদমপুর / বাঙালপাড়া শাখা,অষ্টগ্রাম,কিশোরগঞ্জ। তাঁকে বিজ্ঞপ্তি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো ।
১১। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা ............................................................ ইউনিয়ন ভূমি অফিস । তাঁকে বিজ্ঞপ্তি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো ।
১২। সভাপতি /সম্পাদক.....................................................বাজার কমিটি,অষ্টগ্রাম। তাঁকে ঢোলশহরতের মাধ্যমে বিজ্ঞপ্তি বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো ।
১৩। জনাব......................................................প্রাক্তন ইজারাদার ..................................নৌকা/লঞ্চ/গয়না/খুটগাড়ীঘাট,অষ্টগ্রাম।
১৪। নোটিশ বোর্ড/অফিস কপি ।

৩১/১/২৪

উপজেলা নির্বাহী অফিসার
অষ্টগ্রাম,কিশোরগঞ্জ ।